গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

**সভার কার্যবিবরণী ৩০ অক্টোবর ২০২৫**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রেজাউল আমিন<br>নির্বাহী পরিচালক (রুটিন দায়িত্ব) |
| সভার তারিখ | ১৩/১১/২০২৫ খ্রি: |
| সভার সময় | সকাল ১০:০০ |
| স্থান | প্রশিক্ষণ কক্ষ, তুলা উন্নয়ন বোর্ড |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বলেন যে, তুলা উন্নয়ন বোর্ড এর সকল কর্মকর্তা/কর্মচারীর দায়িত্ব তুলা উন্নয়ন বোর্ডকে এগিয়ে নিয়ে যাওয়া। পরবর্তীতে তিনি মো: মাহমুদুল হাসান, সিনিয়র সীড প্রোডাকশন অফিসার, তুলা উন্নয়ন বোর্ডকে এজেন্ডা অনুযায়ী আলোচনা করার অনুরোধ করেন। উক্ত সভায় বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয় এবং তা বাস্তবায়নের জন্য নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয়বস্তু | আলোচনা পূর্বক গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | বিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরনী নিশ্চিতকরণ | গত ২৬/১০/২০২৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত বিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরনীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণ করা হয়। | |
| ২ | ডি-নথি ও তথ্য বাতায়ন | আলোচনা: তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তরের ও মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের ডি-নথি ও তথ্য বাতায়ন হালনাগাদকরণের রিপোর্ট উপস্থাপন (বিস্তারিত প্রতিবেদন: সংযুক্তি ১) করা হয়।<br>অক্টোবর মাসের ডি-নথিতে নোট নিষ্পন্নের শতকরা হার ৯০.৪৫%<br>সিডিবি'র ওয়েবসাইটে জুলাই মাসে ৩০১ টি তথ্য হালনাগাদ করা হয়েছে।<br>সিদ্ধান্ত-i: মাঠ পর্যায়ের সকল কার্যালয়সহ সদর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম কমপক্ষে ৯০% ডি নথির মাধ্যমে নিস্পত্তি করতে হবে এবং সেই সাথে নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে। ডি-নথি ও তথ্য বাতায়ন হালনাগাদ কার্যক্রম-এর মাসিক প্রতিবেদন প্রতি মাসের ৫ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল আঞ্চলিক ও জোনাল কার্যালয় এবং গবেষণা কেন্দ্র ও খামারসমূহের অফিস প্রধান, আইসিটি শাখা (স.দ.) |
| ৩ | শূণ্য পদ পূরণ | আলোচনা: সভায় প্রশাসন শাখার সকল কার্যক্রমসহ শূণ্য পদ পূরণ, শাখার দ্বায়িত্ববন্টন এবং বিভিন্ন কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত-i: শূণ্য পদের বিপরীতে ৩৪ টি পদের ছাড়পত্র পাওয়া গেছে। দ্রুত ডিপিসি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। টেলিটক কোম্পানির প্রতিনিধিকে ডিপিসি সভায় উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত-ii:কৃষি মন্ত্রণালয় থেকে আউটসোসিং এ ৬০ পদ অনুমোদন হলেও অর্থ মন্ত্রণালয় থেকে ৪৫ টি পদের অনুমোদন পাওয়া গেছে। উক্ত ৪৫ টি পদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত-iii: বিসিএস থেকে নিয়োগ যথা নিয়মে প্রক্রিয়াধীন রয়েছে।<br>সিদ্ধান্ত-iv: বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট হতে আগত পদ সমূহ নিয়োগবিধিভুক্ত করার লক্ষে কৃষি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবের বিপরীতে কৃষি মন্ত্রণালয় থেকে জবাব চাওয়া হয়েছে। জবাব প্রদান করে দ্রুত নিয়োগবিধিভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত-v: পদ সৃজনের কমিটির চিঠি কমিটির সদস্যদের অবগতির লক্ষে পুনরায় প্রেরণ করতে হবে। প্রয়োজন বোধে কমিটি পূর্ণগঠন করতে হবে।<br>সিদ্ধান্ত-vi তুলা উন্নয়ন বোর্ডের নাম পরিবর্তনে গঠিত কমিটিকে পুনরায় পত্র প্রদান করতে হবে। প্রয়োজনবোধে কমিটি পুনর্গঠন করতে হবে। বর্তমানে নাম পরিবর্তনের ফাইল কোথায় আছে তা জেনে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত-vii: আনসার নিয়োগের বিষয়ে আরো বেশি যাচাই বাছাই করে পরবর্তীতে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। | প্রশাসন শাখা |

| | | | |
|---|---|---|---|
| ৪ | গবেষণা সংক্রান্ত: | সিদ্ধান্ত-i: অনফার্ম ট্রায়াল এবং সকল গবেষণা ট্রায়ালের ডাটা সংরক্ষণ করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: গবেষণা কার্যক্রমের অগ্রগতি প্রত্যেক সভায় উপস্থাপন করতে হবে। | গবেষণা শাখা |
| ৫ | প্রকল্প ও কর্মসূচী সংক্রান্ত: | সিদ্ধান্ত-i: প্রকল্পের মাঠ পর্যায়ের সকল প্রশিক্ষণ ডিসেম্বরের মধ্যে শেষ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: ডিসেম্বরের মধ্যে প্রকল্পের ADP ব্যয় ৫০% অগ্রগতি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত-iii: প্রকল্প পরিচালককে ADP সভার সময় অবশ্যই কর্মস্থলে অবস্থান করতে হবে এবং ADP সভার আগে নির্বাহী পরিচালকের সাথে প্রকল্পের অগ্রগতি ও সার্বিক বিষয়ে আলোচনা করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৬ | প্রণোদনা সংক্রান্ত | সিদ্ধান্ত-i: প্রনোদনা সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন এবং নিয়মিত মনিটরিং করতে হবে। আর্থিক অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে দ্রুত প্রেরণ করতে হবে। | সকল মাঠ কার্যালয় এবং ফোকাল পয়েন্ট |
| ৭ | অডিট আপত্তি সংক্রান্ত | সিদ্ধান্ত-i: প্রতিমাসে ১/২টি অডিট আপত্তি নিপত্তি করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: অডিটের জবাব লেখার পরে সংশ্লিষ্ট ডিডিওকে দেখাতে হবে।<br>সিদ্ধান্ত-iii: দ্বিপক্ষীয়-ত্রিপক্ষীয় সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অডিট কমিটি/ ফোকাল পয়েন্ট<br>ও<br>হিসাব শাখা |
| ৮ | বাজেট ও হিসাব সংক্রান্ত | সিদ্ধান্ত-i: প্রতিমাসে রাজস্ব এবং প্রকল্প সমূহের বাজেট ও হিসাব সম্পর্কিয় একটি (১টি) BIC সভা ও প্রতি ত্রৈমাসিকে একটি (১টি) BMC সভা আয়োজন করে বাজেট সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। সভায় ক্যাশ পারচেজ এর বিষয়ে অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: ডিসেম্বরের মধ্যে প্রাপ্ত বাজেট শতভাগ খরচ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাজেট ও হিসাব শাখা |
| ৯ | প্রকিউরমেন্ট সংক্রান্ত | সিদ্ধান্ত- i: সকল কার্যালয়ের ক্রয় আবশ্যিকভাবে eGP এর মাধ্যমে নিস্পন্ন করার জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: নতুন গাড়ী ক্রয় এর বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকিউরমেন্ট শাখা |
| ১০ | প্রশিক্ষণ/ কর্মশালা সংক্রান্ত | সিদ্ধান্ত-i: ডিসেম্বরের মধ্যে মাঠ পর্যায়ের বরাদ্দকৃত সকল প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। | প্রশিক্ষণ শাখা<br>ও সকল জোনাল কার্যালয় |
| ১১ | মনিটরিং ও রিপোর্টিং সংক্রান্ত | সিদ্ধান্ত-i: মাঠ পর্যায়ে কার্যক্রমসমূহের অগ্রগতি নিয়মিতভাবে মনিটরিং করতে হবে ও সকল প্রতিবেদন/ রিপোর্টিং সঠিকভাবে করে যথাসময়ে সদর দপ্তরে নির্ধারিত ই-মেইলে প্রেরণ করতে হবে। | মাঠ কার্যালয় এবং মনিটরিং ও রিপোর্টিং শাখা |
| ১২ | জমিজমা/মামলা সংক্রান্ত | সিদ্ধান্ত- i: তুলা উন্নয়ন বোর্ডের সকল নিজস্ব জায়গা ফাকা না রেখে তুলা গাছ লাগাতে হবে।<br>সিদ্ধান্ত- ii: তুলা উন্নয়ন বোর্ডের সকল স্থাপনাসমূহ পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। যাতে দেখে বুঝা যায় জমিগুলো মালিকানাধিন রয়েছে।<br>সিদ্ধান্ত-iii: তুলা উন্নয়ন বোর্ডের নিজস্ব জায়গায় সাইনবোর্ড বড় আকারে দিতে হবে।<br>সিদ্ধান্ত-iv: সকল বাউন্ডারি দেওয়াল মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আইন শাখা |
| ১৩ | বিভাগীয় ঋণ | সিদ্ধান্ত- i: বিভাগীয় ঋণের তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>সিদ্ধান্ত- ii: বীজের বকেয়া অর্থ দ্রুততম সময়ে সংশ্লিষ্ট সকলকে পরিশোধ এর জন্য পত্র প্রেরণ করতে হবে। | জিনিং ও মার্কেটিং শাখা এবং হিসাব শাখা |
| ১৪ | বিবিধ | সিদ্ধান্ত-i: ঝিনাইদহ ও মেহেরপুরে নতুন ভবন গণপুর্ত অধিদপ্তরের অন্তভূক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঝিনাইদহ, চুয়াডাঙ্গা জোন ও সংস্থাপন শাখা |
| | | সিদ্ধান্ত- ii: তুলা ভবনে অবস্থিত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালকের কার্যালয়, ঢাকা-এর বৈদ্যুতিক মিটার আলাদা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্থাপন শাখা |
| | | সিদ্ধান্ত-iii: তুলা ভবনের গেস্ট হাইজ/ডমেটেরিতে অবস্থান করলে প্রথমেই রেজিস্টার খাতায় এন্ট্রি দিতে হবে এবং নিধারিত হরে ভাড়া প্রদান করতে হবে। গেস্ট হাউস পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।<br>সিদ্ধান্ত-iv: সদর দপ্তরের ডমেটেরিতে যেই যেই রুমে এসি নেই সেই সেই রুমে দ্রুত এসির ব্যবস্থা করতে হবে। | উপপরিচালক, ঢাকা অঞ্চল, সকল গবেষণা কেন্দ্র/খামার প্রধান এবং ডরমেটরীর দায়িত্বরত কর্মকর্তা |
| | | সিদ্ধান্ত-v: তুলা গবেষণা কেন্দ্র, মাহিগঞ্জ, রংপুরে বেল প্রেস মেশিন মেরামতের উদ্যোগ গ্রহণ করতে হবে। | তুলা গবেষণা কেন্দ্র, মাহিগঞ্জ, রংপুর |

| | | | |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত-vi: সম্প্রসারিত তুলা চাষ প্রকল্প (ফেজ-১) থেকে বরাদ্দকৃত মটরসাইকেলের টাকা আদায়ের লক্ষ্যে নিম্নেবর্ণিত কর্মকর্তাগনের সমন্বয়ে কমিটি গঠন করতে হবে।<br>১. মোঃ কুতুব উদ্দীন, উপ-পরিচালক (স.দ.) - আহবায়ক<br>২. রনজিৎ কুমার ভৌমিক, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা- সদস্য<br>৩. জি এম ফরহাদ হোসেন, মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ- সদস্য<br>৪. মো: এনায়েত হোসেন হাওলাদার , কটন ইউনিট অফিসার- সদস্য<br>৫. ড. মো: গাজী গোলাম মর্তুজা, মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ- সদস্য সচিব<br><br>**কমিটির কাজ:**<br>ক. যারা মটরসাইকেলের টাকা পরিশোধ করেনি তাদের টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ. যারা মটরসাইকেলের টাকা পরিশোধ করেছেন তাদেরকে না দাবী পত্যায়ন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হিসাব শাখা |

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট-ক

০৩-১২-২০২৫
মোঃ রেজাউল আমিন
নির্বাহী পরিচালক (রুটিন দায়িত্ব)

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১২.০৭.০০০০.০০০.১০৩.০১.০০১৩.১৯.২৩৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল)।
২। সকল শাখা, তুলা উন্নয়ন বোর্ড (সদর দপ্তর)।।
৩। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয় (সকল )।
৪। তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল)।
৫। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, তুলা গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, তুলা উন্নয়ন বোর্ড।

০৪-১২-২০২৫
মোঃ মাহমুদুল হাসান
সিনিয়র সীড প্রোডাকশন অফিসার